



অপরিকল্পিত অনলাইন ক্লাসে শিক্ষাব্যবস্থা ক্ষতিগ্রস্ত হবে: মিয়া গোলাম পরওয়ার



মিয়া গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

দেশের মহানগরগুলোতে সপ্তাহে তিন দিন অনলাইন ক্লাস চালুর সরকারি সিদ্ধান্তের কড়া সমালোচনা করেছেন জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। বৃহস্পতিবার দেওয়া এক বিবৃতিতে তিনি এ সিদ্ধান্তকে অপরিকল্পিত ও শিক্ষাব্যবস্থার জন্য ক্ষতিকর বলে মন্তব্য করেন।

তিনি বলেন, জালানি সংকটের অজুহাতে শিক্ষার্থীদের ওপর অনলাইন ক্লাস চাপিয়ে দেওয়া হচ্ছে, যা বাস্তবসম্মত নয়। এতে দরিদ্র শিক্ষার্থীরা ইন্টারনেট খরচের কারণে পিছিয়ে পড়বে এবং অনেকেই পড়াশোনা থেকে বিচ্ছিন্ন হয়ে যেতে পারে।

তার দাবি, অনলাইন ক্লাসের ফলে শিক্ষার্থীদের মধ্যে ডিভাইস-নির্ভরতা বাড়ে, মনোযোগ কমে এবং শ্রেণিকক্ষভিত্তিক শেখার পরিবেশ ক্ষতিগ্রস্ত হয়। এতে নিয়মিত পড়াশোনার অভ্যাসও দুর্বল হয়ে পড়ে।

কোভিড-১৯ সময়কার অভিজ্ঞতার উদাহরণ টেনে তিনি বলেন, তখন শিক্ষার্থীদের শেখার ঘাটতি স্পষ্ট হয়েছিল এবং বারে পড়ার হারও বেড়েছিল। তাই একই পদ্ধতিতে ফেরার সিদ্ধান্ত ইতিবাচক ফল দেবে না।

সরকারকে এই সিদ্ধান্ত পুনর্বিবেচনার আহ্বান জানিয়ে তিনি দ্রুত সশরীরে ক্লাস চালু রাখার ওপর জোর দেন।